

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল অভিভাবক ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বারাসাত গার্লস' হাই স্কুলে একাদশ শ্রেণিতে ভর্তি সম্পূর্ণরূপে মেধার ভিত্তিতে সম্পন্ন করা হয়।

বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে কোনো ব্যক্তি, গোষ্ঠী বা মধ্যস্থতাকারীর মাধ্যমে সুপারিশ, আর্থিক লেনদেন বা বিশেষ সুবিধার কোনো ব্যবস্থা নেই।

একাদশ শ্রেণির ভর্তি-সংক্রান্ত সমস্ত মেধাতালিকা ও প্রয়োজনীয় বিজ্ঞপ্তি নির্দিষ্ট সময়ে অনলাইনে প্রকাশ করা হবে।

অভিভাবকদের অনুরোধ করা হচ্ছে, শুধুমাত্র বিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত তথ্যের উপর নির্ভর করার জন্য।

বিদ্যালয় কর্তৃপক্ষের নজরে এসেছে যে কিছু ব্যক্তি/চক্র ভর্তি নিশ্চিত করার মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে অভিভাবকদের বিভ্রান্ত করার চেষ্টা করছে।

সকলকে বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যেন এ ধরনের প্রলোভন বা প্রতারণামূলক কার্যকলাপে কেউ প্রভাবিত না হন এবং কোনো প্রকার আর্থিক লেনদেনে জড়িত না হন।

এ বিষয়ে কোনো তথ্য বা অভিযোগ থাকলে তা অবিলম্বে বিদ্যালয় কর্তৃপক্ষকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে।

ভর্তি প্রক্রিয়ায় বিদ্যালয় কর্তৃপক্ষ সর্বদা স্বচ্ছতা, ন্যায়সংগততা ও শূন্য-সহনশীলতার নীতি অনুসরণ করে।

সভাপতি

বারাসাত গার্লস' হাই স্কুল

প্রধান শিক্ষিকা

বারাসাত গার্লস' হাই স্কুল

১১.০৫.২০২৬